

## অবিলম্বে অপহৃত মন্টি ও দয়া সোনা চাকমাকে উদ্ধার এবং

### তনুসহ সকল ধর্ষণ ও হত্যার বিচার দাবি



২৩ মার্চ '১৮ ঢাকায় সমাজতান্ত্রিক মহিলা ফোরাম ও সিপিবি নারী সেলের বিক্ষোভ মিছিল

পার্বত্য চট্টগ্রামে অপহৃত আদিবাসী দুই নেত্রীকে অবিলম্বে উদ্ধার, তনু হত্যার বিচার এবং পাহাড়-সমতলে নারী-শিশুনির্যাতন, ধর্ষণ, হত্যার প্রতিবাদে ২৩ মার্চ '১৮ শাহবাগে কমিউনিস্ট পার্টির নারী সেল ও সমাজতান্ত্রিক মহিলা ফোরামের উদ্যোগে সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত হয়। সমাজতান্ত্রিক মহিলা ফোরামের সভাপতি রওশনআরা রুশোর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন সমাজতান্ত্রিক মহিলা ফোরামের উপদেষ্টা শামসুন্নাহার জ্যোৎস্না, কমিউনিস্ট পার্টির কেন্দ্রীয় কমিটির নেত্রী মাখছূদা আক্তার লাইলী, সমাজতান্ত্রিক মহিলা ফোরামের সাধারণ সম্পাদক প্রকৌশলী শম্পা বসু, কমিউনিস্ট পার্টি কেন্দ্রীয় কমিটির নেত্রী লুনা নূর ও তাহমিনা ইয়াসমিন নীলা।

সংহতি জানিয়ে বক্তব্য রাখেন কমিউনিস্ট পার্টির সহ-সাধারণ সম্পাদক কাজী সাজ্জাদ জহির চন্দন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সামিনা লুৎফা, কমিউনিস্ট পার্টির কেন্দ্রীয় কমিটির সম্পাদক জলি তালুকদার, বাসদ ঢাকা নগর কমিটির সদস্যসচিব জুলফিকার আলী, হিল উইমেনস ফেডারেশনের সভাপতি নিরুপা চাকমা, নারী সংহতির সভাপতি অপরাজিতা চন্দ, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের সাধারণ সম্পাদক নাসিরউদ্দিন প্রিন্স। উপস্থিত ছিলেন গবেষক ও লেখক রেহনুমা আহমেদ, খেলাঘরের সাবেক সাধারণ সম্পাদক তাহমিনা ইয়াসমিন সাথীসহ বিভিন্ন শ্রেণি-পেশার নেতৃবৃন্দ। সমাবেশ পরিচালনা করেন সিপিবি নারী সেলের নেত্রী লাকী আক্তার।

নেতৃবৃন্দ অবিলম্বে মন্টি ও দয়া সোনা চাকমাকে উদ্ধারের দাবি জানিয়ে বলেন, পাহাড়ে-সমতলে বাঙালি আদিবাসী কাঁধে কাঁধ মিলিয়ে ৭১ সালে শত্রুর বিরুদ্ধে মুক্তিযুদ্ধ করেছিল। আজকের শত্রুর বিরুদ্ধেও ঐক্যবদ্ধভাবে লড়াই করতে হবে। আজ স্বাধীন দেশে পার্বত্য চট্টগ্রামে একের পর এক অপহরণ, ধর্ষণ, যৌন নিপীড়ন-নির্যাতন চলছে যা আমাদের মুক্তিযুদ্ধের চেতনার পরিপন্থি। কল্পনা চাকমাকে অপহরণের ২১ বছর পরেও এর কোনো বিচার হয়নি। কুমিল্লা ক্যান্টনমেন্টের তনু ধর্ষণ ও হত্যার কোনো বিচার হয়নি। এই বিচারহীনতা প্রমাণ করে সরকার খুনি-ধর্ষক-অপহরণকারীদের আশ্রয়-প্রশ্রয় দিচ্ছে।

নেতৃবৃন্দ কল্পনা চাকমা অপহরণ ও তনু হত্যার বিচারের দাবি জানিয়ে বলেন, পার্বত্য চট্টগ্রামে গ্রেফতারকৃত দুই নেত্রীকে অবিলম্বে উদ্ধার করে দেশবাসীর সামনে হাজির করুন।

নেতৃবৃন্দ অব্যাহত ধর্ষণ-হত্যা-নির্যাতন ও যৌন নিপীড়নের বিরুদ্ধে তীব্র গণআন্দোলন ও সামাজিক প্রতিরোধ গড়ে তোলার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানান।

## রাঙামাটির বিলাইছড়িতে মারমা দুই বোন ধর্ষণ ও মারমা রানী ইয়েন ইয়েনের উপর হামলার প্রতিবাদ

২৩ ফেব্রুয়ারি আদিবাসী ছাত্র পরিষদ ও সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট বরিশাল জেলা শাখার উদ্যোগে অশ্বিনী কুমার টাউন হলের সামনে রাঙামাটির বিলাইছড়িতে মারমা দুই বোন ধর্ষণ ও নারী নির্যাতনের বিচারের দাবিতে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে সভাপতিত্ব করেন শান্তি জীবন চাকমা, বক্তব্য রাখেন বাসদ জেলা আহ্বায়ক ইমরান হাবিব রহমান, সদস্য সচিব ডা. মনিষা চক্রবর্তী, মহিলা ফোরামের সভাপতি জোহরা রেখা, ছাত্র ফ্রন্টের সভাপতি সন্ধ্যা মিত্র, ববি ও ইমাম হাসান।